গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩
www.lawjusticediv.gov.bd

নং ৪৮৭-বিচার-৩/৩পি-১/৮৭ (অংশ-১)

তারিখঃ ২৫ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ / ৯ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর ২৬ (৩) ও (৪) ধারার আলোকে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক এর শূন্য পদে নিয়মিত বিচারক পদায়ন না হওয়া পর্যন্ত যে সকল জেলায় একাধিক অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত আছে সে সকল জেলার অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত এর বিচারক-কে এবং অন্যান্য জেলার অতিরিক্ত জেলা ও দায়রা জজ-কে তার নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল এর বিচারক এর বিচারিক, আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা প্রদান করা হলো।

২। যে সকল জেলায় একাধিক নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আছে সে সকল জেলার সকল নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারকের পদ শূন্য থাকলে সেক্ষেত্রেও ১নং অনুচ্ছেদের বিধান প্রযোজ্য হবে।

৩। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ—
(মোঃ মাহবুবার রহমান সরকার)
উপ-সচিব (প্রশাসন-১)

নং ৪৮৭-বিচার-৩/৩পি-১/৮৭(অংশ-১)

তারিখঃ ২৫ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ / ৯ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ,.............................................................. (সকল)।
৩. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,.................................. (সকল)।
৪. অতিরিক্ত জেলা ও দায়রা জজ,................................................ (সকল)।
৫. পুলিশ সুপার,............................................................... (সকল)।
৬. পাবলিক প্রসিকিউটর (পিপি), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,.......... (সকল)।
৭. উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৮. সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৪, আইন ও বিচার বিভাগ।
৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১০. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,..................................................... (সকল)।
১১. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,.................................................. (সকল)।
১২. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. অফিস কপি।

(ওয়াসিম শেখ) ০৯/৭/২০১৭
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৬৬৩১ (অঃ)।
section3@lawjusticediv.gov.bd